



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১০.২০২০/২৪৭/৪

তারিখ: ৮/১২/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: গাজীপুর জেলার সদর উপজেলার রোভারপল্লী ডিগ্রি কলেজের জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

- সূত্র: ১। মাউশি অধিদপ্তরের পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১০.২০২০/৪৭৮(৫); তারিখ: ১৬/০৬/২০২০ খ্রি.
২। মাউশি অধিদপ্তরের পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৫.২০/২২৭; তারিখ: ১২/০৭/২০২০ খ্রি.
৩। মাউশি অধিদপ্তরের পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১০.২০২০/৭৭৯/৩; তারিখ: ২৩/০৯/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার সদর উপজেলাধীন রোভারপল্লী ডিগ্রি কলেজের জনাব মোঃ এমদাদুল হক, ইনডেক্স-৩৩২৯১৭, সহকারী অধ্যাপক, বাংলা শিক্ষা মন্ত্রণালয়ের প্রথম শিক্ষক অধ্যক্ষ পদের ব্যাপারে অনগ্রহী হওয়ায় কলেজের দ্বিতীয় জ্যেষ্ঠ শিক্ষক হিসেবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য আবেদন করেন। জনাব শরিফুল ইসলাম এর বয়স ৬০ বছর পূর্ণ হওয়ায় ১৩/০২/২০২০ খ্রি. তারিখে অবসরে যাওয়ার কারণে অধ্যক্ষের পদটি শূন্য হয়। তাঁর আবেদন অনুযায়ী কলেজে কর্মরত এমপিওভুক্তির তারিখ অনুসারে জ্যেষ্ঠ শিক্ষক জনাব আবু নাছের সরকার, সহকারী অধ্যাপক, মার্কেটিং একান্ত ব্যক্তিগত কারণে ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদের দায়িত্ব পালনে অগ্রহী নয়। কলেজের গভর্নিং বডির সভাপতি উক্ত কলেজের ৪র্থ শিক্ষক মোঃ আব্দুস ছালামকে ১৫/০২/২০২০ খ্রি. তারিখে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, ০৬/০৬/২০১১ খ্রি. তারিখের পরিপত্রের ৩নং অনুচ্ছেদ ও শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, ০৯/০৭/২০১২ খ্রি. তারিখের ৩.১ নং অনুচ্ছেদ মোতাবেক বেসরকারি কলেজে অধ্যক্ষের শূন্য পদে জ্যেষ্ঠতম শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

সে প্রেক্ষিতে জনবল কাঠামো এমপিও নীতিমালা-২০১৮ এর ১৩ অনুচ্ছেদ অনুযায়ী জ্যেষ্ঠ শিক্ষকের কাছে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার অর্পনের জন্য মোঃ আব্দুস ছালাম কে ১৬/০৬/২০২০ খ্রি. তারিখ পত্র দেয়া হয়। এবং ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, গাজীপুর শাখা, গাজীপুরকে বিধি মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষকের স্বাক্ষর ব্যতীত আর্থিক লেনদেন না করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু মোঃ আব্দুস ছালাম, সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা মাউশির পত্র অনুযায়ী জ্যেষ্ঠ শিক্ষকের নিকট দায়িত্ব হস্তান্তর না করে তিনি ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করার জন্য স্মারক নং-১৮৪৭/২০২০: তারিখ: ২১/০৬/২০২০ খ্রি. তারিখে আবেদন করেন। নিয়মিত অধ্যক্ষ জনাব শরিফুল ইসলাম এর অবসর জনিত কারণে অধ্যক্ষের পদটি শূন্য হওয়ায় কলেজ গভর্নিং বডি ১১/০৩/২০২০ খ্রি. তারিখের ১৮তম সভায় সর্বসম্মতিক্রমে মোঃ আব্দুস ছালাম কে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করেন। জ্যেষ্ঠতম শিক্ষক এম. এস আজিজ এর বয়স ও শারীরিক দিক এবং প্রশাসনিক দায়িত্ব পালনে উপযুক্ত প্রতীয়মান না হওয়ায় দ্বিতীয় জ্যেষ্ঠ শিক্ষক হিসেবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার অর্পন করেন। মোঃ আব্দুস ছালাম, সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা এর আবেদনের প্রেক্ষিতে পুনরায় জ্যেষ্ঠতম শিক্ষকের নিকট দায়িত্ব প্রদান করার জন্য ১২/০৭/২০২০ খ্রি. তারিখে তাঁকে ১২/০৭/২০২০ খ্রি. তারিখ পত্র দেয়া হয়।

গাজীপুর জেলার সদর উপজেলাধীন রোভারপল্লী ডিগ্রি কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা ছাড়করণে ব্যংকে নির্দেশনা দেয়ার জন্য উক্ত কলেজের গভর্নিং বডির সভাপতি ০১/০৯/২০২০ খ্রি. তারিখ আবেদন করেন।

নিয়মিত অধ্যক্ষের অবসরজনিত কারণে অধ্যক্ষের পদ শূন্য হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রবিধান মালা- ২০১৯ এর ০৪ উপধারার (জ্যেষ্ঠ ০৫ জন শিক্ষকের মধ্য থেকে যে কোন একজনকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়া যায়) আলোকে বিগত ১১ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত কলেজ গভর্নিং বডির সভার সিদ্ধান্ত অনুযায়ী ২য় জ্যেষ্ঠ শিক্ষক জনাব আব্দুস ছালাম কে ০৬ (ছয়) মাসের জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়। করোনাকালীন ও মানবিক দিক বিবেচনায় পরিবার পরিজন নিয়ে সৃষ্টিভাবে জীবন যাপনের লক্ষ্য সাময়িকভাবে হলেও শিক্ষক-কর্মচারীদের বেতন ছাড়করণের লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যাংকে নির্দেশনা প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। সভাপতির পত্রের প্রেক্ষিতে মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১০.২০২০/৭৭৯/৩; তারিখ: ২৩/০৯/২০২০ খ্রি. মোতাবেক শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জ্যেষ্ঠতম শিক্ষককে অধ্যক্ষের দায়িত্ব দেয়ার জন্য ৩য় বার প্রতিষ্ঠানে পত্র দেয়া হয়।

প্রতিষ্ঠান হতে ২১/১০/২০২০ তারিখের গভর্নিং বডির সিদ্ধান্ত মোতাবেক প্রথম জ্যেষ্ঠতম শিক্ষক হিসেবে মোঃ আব্দুল আজিজ, সহকারী অধ্যাপক, রস্ট্রবিজ্ঞানকে দাবী করে তাঁকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব প্রদান করেছে। সে মোতাবেক কলেজের শিক্ষক-কর্মচারীদের জুন/২০২০ হতে অক্টোবর/২০ পর্যন্ত বেতন ভাতা প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যাংকে নির্দেশনা প্রদান করার জন্য অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) মোঃ আব্দুল আজিজ আবেদন করেন।

এমতাবস্থায়, জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১৩ ধারা মোতাবেক জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মোঃ আবু নাছের সরকার, ইনডেক্স- ০১৭৮০৩, সহকারী অধ্যাপক, মার্কেটিং কে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ACADE 8.12.2020
মো. আব্দুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন: ৯৫৫৬০৫৭

Email:ncollege@dshe.gov.bd

সভাপতি

পরিচালনা পরিষদ

রোভারপল্লী ডিগ্রি কলেজ, সদর, গাজীপুর

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), রোভারপল্লী ডিগ্রি কলেজ, সদর, গাজীপুর
- ২। জনাব মোঃ আবু নাছের সরকার, ইনডেক্স-০১৭৮০৩, সহকারী অধ্যাপক, মার্কেটিং, রোভারপল্লী ডিগ্রি কলেজ, সদর, গাজীপুর
- ৩। ম্যানেজার, অগ্রণী ব্যাংক লি. গাজীপুর শাখা, গাজীপুর
- ৪। সংরক্ষণ নথি।